গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মনোহরদী,নরসিংদী
www.monohardi.narsingdi.gov.bd

উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি মনোহরদী এর ফেব্রুয়ারি - ২০২৫ খ্রি. মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব এম.এ. মুহাইমিন আল জিহান, উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী
স্থান	:	উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, মনোহরদী, নরসিংদী
তারিখ ও সময়	:	২৫ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি.; মঙ্গলবার, সকাল ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট ক-দ্রষ্টব্য।

উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান এবং উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। অতঃপর সিদ্ধান্ত বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা করা হয়। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। উক্ত সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১। ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা: ক) ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা নিয়মিতভাবে বাস্তবায়ন করে সভার কার্যবিবরণী উপজেলায় প্রেরণের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। খ) ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভাতে উপজেলা নির্বাহী অফিসার/ অফিসার ইনচার্জ/ ট্যাগ অফিসার/ অন্যান্য কর্মকর্তা সময়ে সময়ে উপস্থিত হয়ে সার্বিক মনিটরিং করবেন।	১। ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির কার্যবিবরণী নিয়মিতভাবে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ২। ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভাতে উপজেলা নির্বাহী অফিসার/ অফিসার ইনচার্জ/ট্যাগ অফিসার/ অন্যান্য কর্মকর্তা সময়ে সময়ে উপস্থিত হয়ে সার্বিক মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী। ২। অফিসার ইনচার্জ, মনোহরদী থানা, মনোহরদী, নরসিংদী। ৩। ট্যাগ অফিসার ও অন্যান্য কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী ৪। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), মনোহরদী, নরসিংদী
২ আইন-শৃঙ্খলা সার্বিক পরিস্থিতি: উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে অফিসার ইনচার্জ, মনোহরদী থানা বিগত মাসের অপরাধচিত্র সভায় উপস্থাপন করেন। অপরাধ চিত্র জানুয়ারি -২০২৫ অপরাধ: সংখ্যা সড়ক দুর্ঘটনা: ০০ নারী ও শিশু: ০০ মাদক: ০৩ খুন: ০১ আত্নহত্যার প্ররোচনা: ০০ অগ্নি সংযোগ: ০০ চাঁদাবাজি: ০০ অপহরণ: ০০ ধর্ষণ: ০১ চুরি: ০২ অন্যান্য: ০৮ সর্বমোট: ১৫	১। আলোচনায় ইউনিয়ন ভিত্তিক কমিউনিটি পুলিশ, গ্রাম পুলিশের পাহারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। ইউনিয়ন পর্যায় হতে অপরাধের তথ্য প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। প্রশাসক, মনোহরদী পৌরসভা, মনোহরদী, নরসিংদী। ২। অফিসার ইনচার্জ, মনোহরদী থানা,মনোহরদী, নরসিংদী। ৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), মনোহরদী, নরসিংদী।

CamScanner

বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
চেয়ারম্যান, বড়চাপা ইউনিয়ন পরিষদ সভায় বলেন: বড়চাপা ইউনিয়ন এর অবস্থা স্বাভাবিক রয়েছে। চুরি, ডাকাতি, ইভটিজিং ও মাদকের প্রভাব রোখতে পুলিশি অভিযান অব্যাহত রাখার অনুরোধ করেন। মাহে রমজানকে কেন্দ্র করে প্রতিটি বাজারে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার অনুরোধ করেন। নিরাপত্তা বিঘ্নিত হতে পারে এমন সভা সমাবেশ না করার অনুরোধ করেন। চুরি, ডাকাতি ও মাদক রোধে স্থানীয় পর্যায়ে টহল অব্যাহত রাখার ব্যবস্থা গ্রহণ করা হবে। মাদক, বাল্য-বিবাহ, জুয়া এবং ইভটিজিং এর বিষয়ে সাধারণ মানুষকে সচেতন করা হচ্ছে। বড়চাপা ইউনিয়ন এর অবস্থা স্বাভাবিক রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করেন।	১। চুরি, ডাকাতি ও মাদকের প্রভাব রোখতে পুলিশের টহল বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে নিয়মিত বাজার মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। অফিসার ইনর্চাজ মনোহরদী থানা, মনোহরদী, নরসিংদী ২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী। ৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), মনোহরদী, নরসিংদী।
(খ) চেয়ারম্যান, গোতাশিয়া ইউনিয়ন পরিষদ সভায় বলেন: গোতাশিয়া ইউনিয়নে আইন-শৃঙ্খলার পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। চুরি, ডাকাতি ইভটিজিং নিয়ন্ত্রণে রয়েছে। অপরাধ নিয়ন্ত্রণে অফিসার ইনর্চাজ, মনোহরদী থানা সহযোগিতা করে আসছে। গ্রাম্য ছোট ছোট অপরাধগুলো স্থানীয়ভাবে সমাধান করা হচ্ছে। চুরি, ডাকাতি, মাদক, জুয়া, বাল্য-বিবাহ এর বিষয়ে জনসাধারণকে সচেতন করা হচ্ছে। গ্রাম আদালত পরিচালনা অব্যাহত রয়েছে। সর্বোপরি গোতাশিয়া ইউনিয়ন এর আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করেন।	১। ইভিটিজিং রোধে পুলিশি টহল অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। গ্রাম আদালতে বিচারিক কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। ৩। চুরি, ডাকাতি, মাদক, জুয়া, বাল্য-বিবাহের বিষয়ে সচেতনতা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। অফিসার ইনর্চাজ, মনোহরদী থানা, মনোহরদী, নরসিংদী। ২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী। ৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), মনোহরদী, নরসিংদী।
(গ) চেয়ারম্যান, চরমান্দালিয়া, ইউনিয়ন পরিষদ সভায় বলেন: চরমান্দালিয়া ইউনিয়ন এর অবস্থা স্বাভাবিক রয়েছে। বর্তমানে চরমান্দালিয়া ইউনিয়নে মাদক ও চুরির সংখ্যা বেড়ে গেছে। মাদক, চুরি, ইভটিজিং রোখতে পুলিশি অভিযান অব্যাহত রাখার অনুরোধ করেন। আসন্ন মাহে রমজানকে কেন্দ্র করে বাজারে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের সরবাহর স্বাভাবিক রাখার জন্য সকলের সহযোগীতার কামনা করেন। বাজার নিয়ন্ত্রণে রাখার জন্য নিয়মিত বাজার মনিটরিং ও মোবাইল কোর্ট পরিচালনার অনুরোধ করেন।	১। চুরি, ডাকাতি ও মাদক রোধে পুলিশি টহল বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। বাজার নিয়ন্ত্রণে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী। ২। সহকারী কমিশনার (ভূমি), মনোহরদী, নরসিংদী। ৩। অফিসার ইনচার্জ, মনোহরদী থানা, মনোহরদী, নরসিংদী। ৪। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), মনোহরদী, নরসিংদী।
(ঘ) চেয়ারম্যান, কৃষ্ণপুর ইউনিয়ন পরিষদ সভায় বলেন: কৃষ্ণপুর ইউনিয়নে আইন-শৃঙ্খলার পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। চুরি, ডাকাতি ইভটিজিং নিয়ন্ত্রণে রয়েছে। অপরাধ নিয়ন্ত্রণে অফিসার ইনর্চাজ, মনোহরদী থানা সহযোগিতা করে আসছে। পরিস্থিতি স্বাভাবিক এবং কিশোর অপরাধ রোখতে পুলিশি টহল জোরদার করার অনুরোধ করেন। চুরি, ডাকাতি, মাদক, জুয়া, বাল্য-বিবাহ এর বিষয়ে জনসাধারণকে সচেতন করা হচ্ছে। গ্রাম আদালত পরিচালনা অব্যাহত রয়েছে। সর্বোপরি চালাকচর ইউনিয়ন এর আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করেন।	১। ইভিটিজিং রোধে পুলিশি টহল অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। গ্রাম আদালতে বিচারিক কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। ৩। চুরি, ডাকাতি, মাদক, জুয়া, ইভটিজিং এবং বাল্য-বিবাহের বিষয়ে সচেতনতা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। অফিসার ইনর্চাজ, মনোহরদী থানা, মনোহরদী, নরসিংদী। ২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী। ৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), মনোহরদী, নরসিংদী।

CS CamScanner

বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
[illegible]জেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী সভায় বলেন: মনোহরদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর কার্যক্রম স্বাভাবিক রয়েছে। নিয়মিত স্টাফদের প্রশিক্ষণ এর মাধ্যমে দক্ষ করে তোলা হচ্ছে। হাসপাতাল দালালের প্রভাব থেকে মুক্ত করতে সময়ে সময়ে পুলিশের টহল অব্যাহত রাখার অনুরোধ করেন। জনসাধারণের সুবিধার্থে হাসপাতালে দৃশ্যমান স্থানে ডাক্তারদের ডিউটি রোস্টার দেয়া থাকবে। হাসপাতালের সেবার বিষয়ে কোন অভিযোগ থাকলে সাথে সাথে উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা, মনোহরদী, নরসিংদীর সাথে যোগাযোগ করার অনুরোধ করেন। তাছাড়া হাসপাতালে অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।	১। মনোহরদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ দালালের প্রতারণা রোধে নিয়মিত পুলিশের টহল অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। হাসপাতালের দৃশ্যমান স্থানে ডাক্তারদের ডিউটি রোস্টার দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী। ২। অফিসার ইনচার্জ, মনোহরদী থানা, মনোহরদী, নরসিংদী।
(চ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী সভায় বলেন: বর্তমানে মনোহরদী উপজেলার অবস্থা স্বাভাবিক রয়েছে। গোতাশিয়া ইউনিয়নে প্রেম ঘটিত কারণে কোর্ট ম্যারেজকে কেন্দ্র করে বাল্য-বিবাহ হয়েছে। এ বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতার পরিমাণ বাড়ানোর অনুরোধ করেন। তাছাড়া কোনো জায়গায় ইভটিজিং ও বাল্য-বিবাহের তথ্য পেলে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্টদের সঠিক তথ্য দিয়ে সহযোগিতা করার অনুরোধ করেন। পর্যায়ক্রমে মনোহরদী উপজেলার প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে মাদক, ইভিটিজিং ও বাল্য- বিবাহ সর্ম্পকে কাউন্সেলিং করার অনুরোধ করেন। ফেব্রুয়ারি- ২০২৫ খ্রি. মাসে গোতাশিয়া, খিদিরপুর এবং কাচিকাটা ইউনিয়নে উঠান বৈঠক ও সচেতনতামূলক সভা করা হয়েছে। পাশাপাশি উপস্থিত সবাইকে বাল্য-বিবাহের কুফল সর্ম্পকে সচেতন করা হয়েছে। বাল্য- বিবাহ, মাদক, ইভটিজিং বিষয়ে ব্যাপক প্রচার প্রচারনা চালানোর জন্য জনপ্রতিনিধিদের অনুরোধ করেন।	১। মাদক, ইভটিজিং ও বাল্য-বিবাহ রোধে সচেতনতামূলক সভার পরিমাণ বৃদ্ধি ও বাল্য-বিবাহ বন্ধের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। ২। বাল্য-বিবাহের খবর পেলে তথ্য দিয়ে সহযোগিতার সিদ্ধান্ত গৃহীত হয়। ৩। বাল্য-বিবাহ, মাদক, ইভটিজিং বিষয়ে ব্যাপক প্রচার প্রচারনা চালানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী। ২। সহকারী কমিশনার (ভূমি), মনোহরদী, নরসিংদী। ৩। অফিসার ইনচার্জ, মনোহরদী থানা, মনোহরদী, নরসিংদী। ৪। উপজেলা মহিলা বিষয়ক, কর্মকর্তা, মনোহরদী। ৫। ইউপি চেয়ারম্যান (সকল), মনোহরদী, নরসিংদী।
(ছ) উপজেলা শিক্ষা কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী সভায় বলেন: মনোহরদী উপজেলাতে প্রাথমিক শিক্ষা কার্যক্রম স্বাভাবিক রয়েছে। মাহে রমজানকে কেন্দ্র করে বিদ্যালয় দীর্ঘ দিন বন্ধ থাকবে তথাপি সরকারি নির্দেশনা বাস্তবায়ন করা হবে। বিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের প্রশিক্ষণ এর মাধ্যমে দক্ষ করে তোলা হচ্ছে। বিদ্যালয়ে মাদক, ইভটিজিং এবং বাল্য-বিবাহ বিষয়ে সভা করা হচ্ছে। বিদ্যালয়ে সংশ্লিষ্ট সকল স্টাফদের তাদের নিজ দায়িত্ব সঠিক ভাবে পালন করার জন্য দিক নির্দেশনা প্রদান করা হয়। বিদ্যালয়গুলো নিয়মিত পরিদর্শন এবং সভার কার্যক্রম অব্যাহত থাকবে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখা হবে। মনোহরদী উপজেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সকলের সহযোগিতা করতে প্রস্তুত রয়েছে।	১। প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষকদের দক্ষ করে তোলার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। নিয়মিত বিদ্যালয় গুলো পরিদর্শণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৩। মাদক, ইভটিজিং, বাল্য-বিবাহ রোধে শিক্ষা প্রতিষ্ঠানে সভা অব্যাহত থাকবে।	১। অফিসার ইনচার্জ, মনোহরদী থানা, মনোহরদী, নরসিংদী। ২। উপজেলা শিক্ষা কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী। ৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), মনোহরদী, নরসিংদী।
(জ) উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা মনোহরদী, নরসিংদী সভায় বলেন: মনোহরদী উপজেলাতে আনসার সদস্যদের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। নিয়মিত আনসার সদস্যদের প্রশিক্ষণ এর মাধ্যমে দক্ষ করে তোলা হচ্ছে। দেশের পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য আনসার সদস্যগণ সর্বদা প্রস্তুত রয়েছে। মনোহরদী উপজেলায় আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য উপজেলা আনসার সদস্য সর্বদা সহযোগিতা করতে প্রস্তুত রয়েছে।	১। মনোহরদী উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য আনসার সদস্যদের সহযোগিতার করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। অফিসার ইনর্চাজ, মনোহরদী থানা, মনোহরদী, নরসিংদী। ২। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী। ৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), মনোহরদী, নরসিংদী।

CamScanner

বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় বলেন: মনোহরদীর অবস্থা স্বাভাবিক রয়েছে। পবিত্র মাহে রমজানকে কেন্দ্র করে সরকারি নির্দেশনা বাস্তবায়নে কার্যক্রম চলমান রয়েছে। মনোহরদী উপজেলার প্রতিটি মসজিদে জুমার নামাজের পূর্বে মাদক, জুয়া, ইভিটিজিং, সুদ ও আত্মহত্যার কুফল সম্পর্কে সাধারণ জনগণকে সচেতন করার অনুরোধ করেন। এ বিষয়ে ইসলামিক ফাউন্ডেশন এর কার্যক্রম চলমান রয়েছে। মসজিদের ইমামদের নিয়ে পর্যায়ক্রমে সভা করা হচ্ছে। প্রতিটি ইউনিয়নে গণশিক্ষা কার্যক্রম তদারকি করা হচ্ছে। মসজিদ/ ধর্মীয় প্রতিষ্ঠানে উস্কানিমূলক কোন প্রকার রাজনৈতিক বক্তব্য না দেয়ার অনুরোধ করেন। মসজিদে প্রতি জু'মাতে নিয়মিত সন্ত্রাস, জঙ্গিবাদ, মাদক, ইভটিজিং ও বাল্য-বিবাহের কুফল সর্ম্পকে সাধারণ জনগণকে সচেতন করার অনুরোধ করেন।	১। আসন্ন মাহে রমজানকে কেন্দ্র করে সরকারি সিদ্ধান্ত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। ২। সন্ত্রাস, জঙ্গিবাদ, মাদক, বাল্য-বিবাহ প্রতিরোধে ধর্মীয় প্রতিষ্ঠানে আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৩।মসজিদ ও ধর্মীয় প্রতিষ্ঠানে রাজনৈতিক এবং উস্কানিমূলক আলোচনা/ বক্তব্য দেওয়া যাবে না।	১। ফিল্ড সুপার ভাইজার ইসলামিক ফাউন্ডেশন, মনোহরদী, নরসিংদী। ২। ইউপি চেয়ারম্যান (সকল) মনোহরদী, নরসিংদী। ৩। ব্যবস্থাপনা কমিটি, সকল মসজিদ/ধর্মীয় প্রতিষ্ঠান, মনোহরদী।
(ঞ) অফিসার ইনচার্জ, মনোহরদী থানা, মনোহরদী, নরসিংদী সভায় বলেন: মনোহরদী উপজেলার অবস্থা স্বাভাবিক রয়েছে। চুরি, ডাকাতি, মাদক, ইভটিজিং রোধে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। অপরাধ সংগঠিত হতে পারে এমন তথ্য পেলে তাৎক্ষণিক সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করার অনুরোধ করেন। মাহে রমজানকে কেন্দ্র করে বাজার মনিটরিং বৃদ্ধি করা হবে। চাঁদাবাজি বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। মাদক রোধে সকলের সহযোগিতা কামনা করেন। সবাইকে আইনের প্রতি শ্রদ্ধাশীল হওয়ার জন্য অনুরোধ করেন। আইন-শৃঙ্খলা রক্ষায় জনপ্রতিনিধিদের পারস্পরিক আন্তরিক হবার অনুরোধ করেন। চুরি, ডাকাতি রোধে প্রতিটি ইউনিয়ন এ টহল জোরদার করার অনুরোধ জানান।	১। অপরাধ রোধে নিয়মিত পুলিশি অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। অপরাধ সম্পর্কে তথ্য অভিযোগ পাওয়া গেলে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়।	সংশ্লিষ্ট (সকল)
(ট) উপজেলা নির্বাহী অফিসার সভায় নিম্নোক্ত বিষয়ের উপর জোর প্রদান করেন: ১। উপজেলা আইন-শৃঙ্খলা সভাতে উপস্থিত সকল সদস্যকে যথাসময়ে সবাইকে উপস্থিত হওয়ার অনুরোধ জানান এবং আইন-শৃঙ্খলা মিটিং এর সিদ্ধান্ত বাস্তবায়নে সবাইকে অনুরোধ করেন। ২। আসন্ন মাহে রমজানকে কেন্দ্র করে নিয়মিত বাজার মনিটরিং এবং মোবাইল পরিচালনা করে হবে। ৩। চুরি, ডাকাতি রোধে পুলিশি চেক পোস্ট বৃদ্ধি করার অনুরোধ করেন। ৪। অবৈধ মাটিকাটা ও বালি উত্তোলন প্রতিরোধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত থাকবে। ৫। গ্রাম আদালত জোরদার করার মাধ্যমে দ্রুত বিচার কার্য সমাধান করার অনুরোধ করেন। ৬। হাসপাতালে ডাক্তারদের ডিউটি রোস্টার দৃশ্যমান স্থানে টানানোর অনুরোধ করেন এবং হাসপাতালের সামনের খাবারের দোকানের বিষয়ে সচেতন থাকার অনুরোধ করেন। ৭। মাটিকাটা, মাদক, জুয়া, দালালের প্রভাব রোধে সম্ভাব্য স্থানে পুলিশের টহল বৃদ্ধি করার অনুরোধ করেন।	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উত্থাপিত বিষয়সমূহ বাস্তবায়নে সকলের কার্যকর পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী। ২। সহকারী কমিশনার (ভূমি), মনোহরদী, নরসিংদী। ৩। অফিসার ইনচার্জ, মনোহরদী থানা, মনোহরদী, নরসিংদী। ৪। ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন, মনোহরদী, নরসিংদী। ৫। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী। ৬। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), মনোহরদী, নরসিংদী।
৪। বিবিধ: (ঠ) বাল্য বিবাহ নিরোধ: উপজেলা নির্বাহী অফিসার বলেন, বাল্য বিবাহ নিরোধে জোরালো পদক্ষেপ গ্রহণ করার জন্য প্রতিটি ইউনিয়ন ও ওয়ার্ডে বাল্য বিবাহ নিরোধে নিয়মিত সভা করা প্রয়োজন। ভ্রাম্যমান আদালতের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	বাল্য বিবাহ নিরোধে সচেতনতামূলক সভা ও ভ্রাম্যমাণ আদালত/আইনী পদক্ষেপ পরিচালনা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। সহকারী কমিশনার (ভূমি), মনোহরদী, নরসিংদী। ২। অফিসার ইনচার্জ, মনোহরদী, নরসিংদী। ৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী। ৪। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), মনোহরদী, নরসিংদী।

CamScanner

সভায় আর কোন আলোচ্য না থাকায় সভাপতি উপজেলা আইন- শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার বিষয়ে পরামর্শ প্রদানপূর্বক সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০২/২৫
(এম.এ. মুহাইমিন আল জিহান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
মনোহরদী,নরসিংদী

স্মারক নং: ০৫.৩০.৬৮৫২.০০০.০৬.০০৭.২২.-১৯৮/১

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩১ / ২৫ ফেব্রুয়ারি ২০২৫

সদয় অবগতি/ অবগতি/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
০১। জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী;
০২। পুলিশ সুপার, নরসিংদী;
০৩। উপজেলা...কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী;
০৪। জনাব... মনোহরদী, নরসিংদী;
০৫। অফিস কপি।

২৫/০২/২৫
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
মনোহরদী,নরসিংদী

CamScanner